



বিসমিল্লাহির রাহমানির রাহীম  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া  
১/২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১  
(স্থাপিত : ১৭৮০)



website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ: ২৭/০৭/২০২২ খ্রি.

## সিট বরাদ্দ ও নবায়নের বিজ্ঞপ্তি:

এতদ্বারা সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর আল্লামা কাশগরী (রহ.) হল ও শহিদ ইব্রাহিম হলে অবস্থানরত ও হলে অবস্থান করতে ইচ্ছুক আলিম, ফায়িল, ফায়িল (অনার্স) ও কামিল শ্রেণির ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হলের সিট নবায়ন ও নতুন সিট বরাদ্দ দেয়া হবে। আগ্রহী ছাত্রদের আগামী ২৭/০৭/২০২২ তারিখ থেকে ১০/০৮/২০২২ তারিখের মধ্যে আবেদন করে সিট বরাদ্দ নিশ্চিত করে হল কার্ড সংগ্রহ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

হল কমিটির ২৭/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় হলে সিট বরাদ্দের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। বিদ্যুৎ ব্যবহারে সরকারি নির্দেশনা মোতাবেক (নির্দেশনা স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.৯৯.০০১.১৯-১০৭; তারিখ: ০৫/০৭/২০২২ খ্রি.) হলে ব্যবহৃত বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য বিল হলের নিজস্ব আয়ের উৎস থেকে প্রদানের কারণে এবং পরিবর্তিত পরিস্থিতিতে আনুষঙ্গিক ব্যয় বৃদ্ধি পাওয়ায় হল কার্ড ফি ৩০০০/- (তিন হাজার) টাকা ও আবেদনপত্র ফি ১০০/- (একশত) টাকা নির্ধারণ করা হয়। পূর্ব নির্ধারিত হল কার্ড ফি ২০০০/- (দুই হাজার) টাকা বাতিল করা হয়।

২। হলে হিটার, ইঞ্জি ব্যবহার করা যাবে না। হিটার ও ইঞ্জি ব্যবহারের প্রমাণ পাওয়া গেলে তার সিট বরাদ্দ বাতিল করা হবে ও তাকে হল থেকে স্থায়ীভাবে বহিস্কার করা হবে।

প্রত্যেহ বাদ মাগরিব হল সুপারের অফিস থেকে সিট বরাদ্দ/ নবায়নের ফরম সংগ্রহ পূর্বক তাৎক্ষনিকভাবে বা উপরে বর্ণিত সময়ের মধ্যে যাবতীয় ফি পরিশোধ করে সিট বরাদ্দ/ নবায়নের কার্যক্রম সম্পন্ন করা যাবে।

### প্রয়োজনীয় কাগজপত্র:


১. পূর্ববর্তী পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি (নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য নয়)
২. মাদ্রাসার নিয়মিত ছাত্র হিসেবে ভর্তি রশিদের ফটোকপি
৩. ১ কপি পাসপোর্ট সাইজ ও ১ কপি স্ট্যাম্প সাইজের টুপি পরিহিত ছবি।

  
২৭/০৭/২২

মুহাম্মাদ আবদুর রশীদ (৯২২৩)

মুহাম্মাদ আবদুর রশীদ  
অধ্যক্ষ (অবস্থান)

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

  
২৭/০৭/২০২২

মোহাম্মাদ জাহাঙ্গীর আলম খান

হল সুপার

আল্লামা কাশগরী (রহ.) হল ও শহিদ ইব্রাহিম হল  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।